# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৫৪

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ সাদাকাহ করার সময় গুণে গুণে সাদাকাহ করার ব্যাপারে নিষেধাজ্ঞা

## ذِكْرُ الزَّجْرِ عَنْ إِحْصَاءِ الْمَرْءِ صَدَقَتَهُ إِذَا تصدَّق بها

আরবী

3354 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحُسَيْنِ بْنِ مُكْرَمٍ الْبَزَّارُ بِالْبَصْرَةِ قَالَ: حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا ابْنُ إِدْرِيسَ عَنِ الْأَعْمَشِ عَنِ الْحَكَمِ عَنْ عُرْوَةَ بْنِ الزُّبَيْرِ: عَنْ عَائِشَةَ قَالَتْ: جَاءَهَا سَائِلٌ فَأَمَرَتْ لَهُ عَائِشَةُ بِشَيْءٍ فَلَمَّا خَرَجَتِ الْخَادِمُ دَعَتْهَا فَنَظَرَتْ إِلَيْهِ فَقَالَ لَهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (ما تخرجين شيئاً إلا بِعِلْمِك) قال: إِنِّي لأَعْلَمُ فَقَالَ لَهَا: (لَا تُحْصِي فَيُحْصِيَ الله عليك)

الراوي : عَائِشَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3354 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1491).

বাংলা

৩৩৫৪. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন যে, একবার তার কাছে একজন সাহায্য প্রার্থী আসে, তখন আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা তাকে কিছু দেওয়ার নির্দেশ দেন। অতঃপর যখন খাদেমা সাদাকাহ বের করে, তখন আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা তাকে ডাক দেন। তারপর তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দিকে তাকান। এসময় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “তুমি কেবল (পরিমাণ) জেনেই সাদাকাহ করো।” আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, “আমি পরিমাণ জেনে-শুনেই কেবল সাদাকাহ করি।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “তুমি (সাদাকাহ) গুণবে না, অন্যথায় আল্লাহও তোমাকে গুণে গুণে দিবেন।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/৭০-৭১; আবূ দাঊদ: ১৭০০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১৪৯১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92687

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন